

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ সৌভাগ্যময় জন্ম এবং পবিত্র জীবনের চল্লিশ বছর (المولدُ وَأَرْبَعُوْنَ عَامًا قَبْلَ النُّبُوَّةِ রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

স্বেশীল পিত্ব্যের তত্ত্বাবধানে (إلى عَمِّهِ الشَّفِيْق):

পিতার অন্তিম অসিয়তের প্রতি শ্রদ্ধাশীল আবৃ ত্বালিব অত্যন্ত যত্নসহকারে ভ্রাতুপুত্র ও ভবিষ্যতের নাবী মুহাম্মাদ (ﷺ) —কে লালন-পালন করতে থাকেন। আবৃ ত্বালিব তাঁকে যে আপন সন্তানাদির অন্যতম হিসেবে লালন-পালন করতে থাকেন তা-ই নয়, বরং নিজ সন্তানের চেয়ে অধিক স্নেহ-মমতা দিয়েই তাঁকে প্রতিপালন করতে থাকেন। অধিকন্ত, পিতা আব্দুল মুত্তালিবের মতই তিনিও তাঁকে নানাভাবে সম্মান প্রদর্শন করতে থাকেন। রাসূলুল্লাহ (ﷺ) —এর ৪০ বছর বয়স পর্যন্ত এভাবে তিনি বিচক্ষণ চাচার অধীনে লালিত-পালিত হতে থাকেন। তাঁর চাচার সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য ঘটনাবলী প্রসঙ্গক্রমে পরবর্তী পর্যায়ে আলোচনা করা হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6071

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন